## উল্লাপাড়া উপজেলা পরিষদের আগষ্ট-২০২২ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : বীর মুক্তিযোদ্ধা মোঃ শফিকুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, উল্লাপাড়া।

সভার তারিখ : ১১-০৮-২০২২ খ্রিঃ। সময় : সকাল ১০.৩০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট " ক " তে এবং উপজেলার সকল বিভাগীয় কর্মকর্তাদের উপস্থিতি তালিকা পরিশিষ্ট " খ " তে সংযুক্ত।

মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া মহোদয়কে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানান।

বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি

| গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| উপজেলা পরিষদের নতুন ভবন নির্মাণের জন্য নির্ধারিত স্থান হিসেবে উপজেলা পরিষদের পূর্ব পার্শ্বের দুটি পুকুর বালি দ্বারা ভরাট করার জন্য প্রকল্প গ্রহণ এবং সার্বিক কার্যক্রম তদারকি করার জন্য নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হয়।<br>জনাব মনিরুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ - আহবায়ক<br>জনাব আবু সায়েদ, উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া - সদস্য<br>জনাব আবুল কালাম আজাদ, উপঃ প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা- সদস্য | উপজেলা প্রকৌশলী, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উল্লাপাড়া | প্রাক্কলন প্রস্তুতসহ পুকুরে বালি ভরাটের কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি |
| ২৪-০৭-২০২২ ইউনিয়ন ভিত্তিক ভাতাভোগীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের পরামর্শক্রমে ৩০জন প্রান্তিক পেশাজীবী বাছাই নিশ্চিত করতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, উল্লাপাড়া | গত ২৪-০৭-২০২২ খ্রি. তারিখ ভাতাভোগীদের উপস্থিতিতে এক আড়ম্বরপূর্ণ পরিবেশে ভাতাকার্ড বিতরণ করা হয়েছে। প্রান্তিক পেশাজীবী বাছাই করা হয়েছে। |
| ২০২২-২০২৩ অর্থ বছরে রাজস্ব খাতের আওতায় উপজেলা পরিষদ সভাকক্ষ ইনটেরিয়র সজ্জিতকরণ এবং আনসারদের জন্য সেড নির্মাণ কাজ প্রাক্কলন অনুযায়ী সম্পন্ন করাসহ ইনটেরিয়র কাজ ও সেড নির্মাণ কাজ নিবিড় তদারকি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা প্রকৌশলী | আনসারদের জন্য সেড নির্মাণ করা শুরু হয়েছে। সভাকক্ষ ইনটেরিয়র সজ্জিতকরণের কাজ অদ্যাবধি শুরু হয়নি। |
| উপজেলা প্রাণি সম্পদ দপ্তরের মাঠ পর্যায়ের কর্মীদের মাধ্যমে প্রাণি মোটাতাজাকরণ করার জন্য রাসায়নিক ঔষধের ক্ষতিকর প্রভাব নিয়ে সচেতনতা সৃস্টি করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উল্লাপাড়া | গবাদি পশু মোটাতাজাকরণে রাসায়নিক ঔষধের ক্ষতিকর প্রভাব নিয়ে সচেতনতা সৃস্টির কাজ অব্যাহত আছে |
| নক্সা অনুমোদনের জন্য সংশ্লিষ্ট কমিটির একটি সভা আহবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি উল্লাপাড়া | সভা আয়োজিত হয়নি। |
| যথাসময়ে বন্যার পানি আসলে পোনা অবমুক্ত করতে হবে এবং জাতীয় মৎস্য সপ্তাহ,২০২২ যথাযথভাবে উদ্যাপন নিশ্চিত করতে হবে। মৎস্য আড়তগুলোতে ডিজিটাল মিটারের ব্যবহার নিশ্চিত করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান | মৎস্য আড়তগুলোতে ডিজিটাল মিটারের ব্যবহার পরিলক্ষিত হচ্ছে না |
| মাঠ পর্যায়ে তদারকি অব্যাহত রাখতে হবে। বিএসএ কর্তৃক বরাদ্দকৃত বীজ সহায়তা হিসেবে প্রতিজন কৃষক ০২ কেজি হাইব্রীড রোপা আমন ধানের বীজ ক্ষতিগ্রস্থ কৃষকদের মাঝে বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া | উপজেলা কৃষি দপ্তরের মাঠ পর্যায়ের কর্মীদের মাধ্যমে তদারকি অব্যাহত আছে। যথানিয়মে কৃষকদের মাঝে বীজ সহায়তা প্রদান করা হয়েছে। |
| উপজেলার যে সকল সরকারি দপ্তরে এবং ইউনিয়ন পর্যায়ের রাস্তায় গাছ কর্তনযোগ্য রয়েছে সরেজমিনে তদন্তপূর্বক সেগুলো কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়া | সরেজমিনে তদন্তপূর্বক কর্তনযোগ্য গাছ চিহ্নিতকরণের কাজ শুরু করা হয়েছে |
| মাধ্যমিক বিদ্যালয়গুলোতে প্রমাপ অনুযায়ী পরিদর্শন নিশ্চিত করতে হবে। শিক্ষার্থীদের মধ্যে করোনা প্রতিরোধে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করতে প্রধান শিক্ষকগণকে নির্দেশনা প্রদান করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | প্রমাপ অনুযায়ী বিদ্যালয় পরিদর্শন সংক্রান্ত কোন তথ্য মাসিক সভায় উপস্থাপন করা হচ্ছে না |
| উপজেলা পরিষদের সীমানা প্রাচীরের পশ্চিম দিকে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সংলগ্ন অংশ পুনঃনির্মানের জন্য প্রাক্কলন প্রস্তুত পূর্বক | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া | অদ্যাবধি প্রাক্কলনসহ নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সিরাজগঞ্জ মহোদয়ের |

| | | |
|---|---|---|
| স্থানীয় সরকার বিভাগের অনুমোদনের জন্য পত্র প্রেরণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় | | কারিগরি প্রতিবেদন পাওয়া যায়নি |
| উপজেলা পরিষদের পুকুর সংস্কার, ওয়াকওয়ে নির্মাণ, ঘাট সংস্কার, বসার বেঞ্চ নির্মাণ ও মুক্তিযুদ্ধ বিষয়ক টেরাকোটা স্থাপনের জন্য প্রাক্কলন প্রস্তুতপূর্বক স্থানীয় সরকার বিভাগের অনুমোদন গ্রহণের জন্য পত্র প্রেরণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া | অদ্যাবধি প্রাক্কলনসহ নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সিরাজগঞ্জ মহোদয়ের কারিগরি প্রতিবেদন পাওয়া যায়নি |
| উপজেলা পরিষদের শিশুপার্ক সংস্কার/মেরামতের জন্য প্রাক্কলন প্রস্তুতপূর্বক স্থানীয় সরকার বিভাগের অনুমোদন গ্রহণের জন্য পত্র প্রেরণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া | অদ্যাবধি প্রাক্কলনসহ নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সিরাজগঞ্জ মহোদয়ের কারিগরি প্রতিবেদন পাওয়া যায়নি |
| উপজেলা পরিষদ কমপ্লেক্স বঙ্গবন্ধু কর্নার ও লাইব্রেরী নির্মাণের জন্য প্রাক্কলন প্রস্তুতপূর্বক স্থানীয় সরকার বিভাগের অনুমোদন গ্রহণের জন্য পত্র প্রেরণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া | অদ্যাবধি প্রাক্কলনসহ নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সিরাজগঞ্জ মহোদয়ের কারিগরি প্রতিবেদন পাওয়া যায়নি |
| উপজেলা পরিষদের বাসা বরাদ্দ কমিটির সভা নিয়মিত আয়োজন এবং বাসা বরাদ্দ হালনাগাদ করার বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী | বাসা বরাদ্দ কমিটির সভা আয়োজিত হয়নি। হালনাগাদ বাসা বরাদ্দের কোন অনুলিপি কপি পাওয়া যায়নি। |
| জুলাই, ২০২২ মাসের ২৪-০৭-২০২২ তারিখের মধ্যে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ নতুন রাস্তার তালিকা প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া | অধিকাংশ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ নতুন রাস্তার তালিকা প্রেরণ করেছেন। প্রাপ্ত তালিকার ভিত্তিতে উপজেলা প্রকৌশল দপ্তর হতে কিরূপ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা উপজেলা পরিষদকে অবহিত করা হয়নি। |
| উপজেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদে অবকাঠামোগত উন্নয়নমূলক (রাস্তা) কাজের অনুমোদন পেলেও (প্যাকেজ নম্বর রামকৃষ্ণপুর ইউপি-১৮৮৯৪৫১৬৯, উধুনিয়া ইউপি-১৮৮৯৪৫২৪৬, ১৮৮৯৪৩০১৬, ১৮৮৯৪৫১৭৪, ১৮৮৯৪৫১৭২, ১৮৮৯৪৫০৫১.) এখনও কাজ শুরু হয়নি। অনুমোদিত প্যাকেজভুক্ত কাজগুলো দ্রুত শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা প্রকৌশলী | পূর্বের অনুমোদিত প্যাকেজভুক্ত কাজ এখনও শুরু করা হয়নি। |
| উপজেলা প্রকৌশল দপ্তরের কাজের গুনগত মান রক্ষার জন্য উপজেলা পরিষদের একটি কক্ষ ল্যাব হিসেবে বরাদ্দ প্রদানের বিষয়ে গৃহীত সিদ্ধান্তে হয়। ল্যাবে নির্মাণ সামগ্রী পরীক্ষার ফি বাবদ প্রাপ্ত অর্থ উপজেলা পরিষদে জমা করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী | উপজেলা প্রকৌশল দপ্তরের কাজের গুনগত মান রক্ষার জন্য স্থাপিত ল্যাব হতে প্রাপ্ত আয় সংক্রান্ত কোন তথ্য উপস্থাপন করা হয়নি |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | গত সভার কার্যবিবরণী অনুমোদন | জুলাই/২০২২ মাসের কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অদ্যকার সভায় তা অনুমোদন করা হলো। | সংশ্লিষ্ট সকল বিভাগ ও কমিটি |
| ০২ | গত সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | জুলাই/২০২২ মাসের মাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নাধীন আছে। | সংশ্লিষ্ট সকল বিভাগ ও কমিটি |
| ০৩ | **অর্থ বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটি :**<br><br>ধামাইকান্দি হতে সলঙ্গা জিসি রাস্তার ১৩০৫ ও ৩৯২৬ চেইনেজে দুইটি ব্রীজ নির্মাণের জন্য ঠিকাদার নিযুক্ত করা হয়। ঠিকাদারের প্রাক্কলনের মধ্যে ব্রীজ অপসারণ আছে বিধায় মাসিক সভায় অনুমোদনের প্রেক্ষিতে ব্রীজটি অপসারণ করা যেতে পারে। পুরাতন ব্রীজ ভাঙ্গা হলে বিধি মোতাবেক নিলামে বিক্রি করা হবে।<br>দমদমা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জায়গা সংকুলান না থাকায় লে আউট প্রদান সম্ভব হচ্ছে না। জায়গার সংকুলান পাওয়া গেলে নির্মাণ কাজ শুরু করা হবে।<br><br>গোয়ালজানি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নিলাম কাজ দ্রুত সম্পন্ন করা গেলে নির্মাণ কাজ শুরু করা হবে। | ব্রীজ অপসারণ করে নিলামে বিক্রির বিষয়ে কোন কমিটি আছে কিনা এবং পূর্ববর্তী সময়ে কি প্রক্রিয়ায় নিলাম করা হয়েছে তার বিস্তারিত তথ্য আগামী সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো<br><br>গোয়ালজানি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া<br><br>উপজেলা শিক্ষা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | জাইকা প্রকল্পের আওতায় মধু রিফাইন মেশিনটির বর্তমান বাজার দর প্রাক্কলিত মূল্য হতে অনেক বেশি বিধায় মেশিনটি সরবরাহ করা সম্ভব হচ্ছে না ফলে কালো তালিকাভুক্ত না করে শুধুমাত্র পারফরমেন্স সিকিউরিটি বাজেয়াপ্ত করে চুড়ান্ত বিল প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঠিকাদার আবেদন জানিয়েছেন মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | নিলাম কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>ঠিকাদারকে কালো তালিকাভুক্ত না করে শুধুমাত্র পারফরমেন্স সিকিউরিটি বাজেয়াপ্ত করার সিদ্ধান্ত গ্রহণ করা হলো। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ০৪ | **মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটি :**<br><br>১৫ আগষ্ট জাতীয় শোক দিবস, ২০২২ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে স্কুল/মাদ্রাসা পর্যায়ের শিক্ষার্থীদের চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতা ১০-০৮-২০২২ তারিখ আয়োজন সুসম্পন্ন হয়েছে।<br><br>প্রমাপ অনুযায়ী বিদ্যালয় পরিদর্শন অব্যাহত আছে। | প্রমান অনুযায়ী কতটি বিদ্যালয় পরিদর্শন করা হয়েছে পরিদর্শন প্রতিবেদনসহ বিস্তারিত তথ্য পাওয়া যায়নি। আগামী মাসিক সভায় পূর্ববর্তী মাসের পরিদর্শন প্রতিবেদনসহ বিস্তারিত তথ্য উপস্থাপন নিশ্চিত করতে হবে। এই প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া |
| ০৫ | **কৃষি ও সেচ বিষয়ক কমিটি :**<br><br>অদ্যাবধি রোপা আমন আবাদের লক্ষ্যমাত্রা অর্জন হাইব্রিড ১০০ হেক্টর এবং উফশী ৮৫০ হেক্টর । এছাড়া সারের মজুদ পরিস্থিতি ইউরিয়া ২১০ মেঃ টন, টিএসপি ১৫৫ মেঃ টন, ডিএপি ১৮০ মেঃ টন, এমওপি ৯০ মেঃ টন। মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক সারের মূল্য প্রতি কেজি ১৬ টাকা হতে ২২ টাকায় উন্নীত করা হয়েছে। এমতাবস্থায় পূর্বের মজুদকৃত সার যাতে পূর্বনির্ধারিত মূল্যে বিক্রয় করা হয় সেজন্য মাঠ পর্যায়ে মনিটরিং জোরদার করা হয়েছে। সারের সুষ্ঠু বিতরণ ও কৃষকদের যাতে কোন অসুবিধা না হয় সেজন্য উপজেলা কৃষি অফিস, উল্লাপাড়া নিরলসভাবে কাজ করে যাচ্ছে। কোন অসাধু ব্যবসায়ী কোন প্রকার অনিয়ম করলে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। | রোপা আমনের লক্ষ্যমাত্রা অর্জনে আধুনিক প্রযুক্তি বাস্তবায়নে মাঠ পর্যায়ে তদারকিকরণ ও সারের মনিটরিং জোরদারকরণের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া |
| ০৬ | **প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটি :**<br><br>উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে যথাযোগ্য মর্যাদায় ১৫ আগষ্ট, জাতীয় শোক দিবস, ২০২২ উদ্‌যাপন নিশ্চিত করার জন্য প্রধান শিক্ষকগণকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়েছে। এছাড়া উপজেলা শিক্ষা অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা সকল প্রাথমিক বিদ্যালয়ে জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন নিশ্চিত করাসহ সকল প্রাথমিক বিদ্যালয়ে ড্রপ ডাউন ব্যানার টাংগানোর সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া |
| ০৭ | **মৎস্য ও প্রাণি সম্পদ বিষয়ক কমিটি :**<br><br>**প্রাণি সম্পদ বিভাগ :**<br><br>২০২২-২০২৩ অর্থ বছরে ত্রিশ হাজার গবাদি পশুর চিকিৎসা লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। চলতি মাসে অর্জন ২০৯৫ টি গবাদি পশুর চিকিৎসা। ফ্রি ভেটেরিনারী কেডিকেল ক্যাম্প চলতি মাসে একটি আয়োজিত হয়েছে। ১৩ জন খামারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বার্ষিক ১৩ একর ভূমিতে স্থায়ী ঘাস চাষের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। দুধ উৎপাদনে ১.১০ লক্ষ মেঃ টন এবং মাংস উৎপাদনে ৩০ হাজার মেঃ টন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। লক্ষ্যমাত্রা অর্জনে উপজেলা প্রাণি সম্পদ দপ্তর কাজ করছে।<br>মাননীয় প্রধানমন্ত্রীর উপহার প্রাণির পার্শ্বে ডাক্তার এই লক্ষ্যে দেশের ৩৬০ টি উপজেলায় মোবাইল ভেটেরিনারী ক্লিনিক নামক গাড়ি বিতরণ করা হয়েছে। | মাননীয় প্রধানমন্ত্রীর দেওয়া উপহার মোবাইল ভেটেরিনারি ক্লিনিকগাড়ী কাজে লাগিয়ে উপজেলার সকল গবাদি পশুর স্বাস্থ্যসেবা প্রদান নিশ্চিত করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উল্লাপাড়া |
| | **মৎস্য বিভাগ :**<br><br>শ্যামলীপাড়া ও হাটিকুমরুল মৎস্য আড়তে ডিজিটাল মিটার ব্যবহার শুরু করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা জরুরী। হাটিকুমরুল ইউনিয়নের নবরত্ন মন্দির এলাকায় গোপনে কিছু বাড়ীতে চায়না দুয়ারী জাল উৎপাদন চলমান আছে। এটি বন্ধ করার জন্য ইতোমধ্যেই মোকাইল কোর্ট পরিচালনা করা হয়েছে। অভিযান পরিচালনাকালে ৬ | উপজেলার মৎস্য আড়তগুলোতে ডিজিটাল মিটার ব্যবহার নিশ্চিত করতে হবে। চায়না দুয়ারী জালের উৎপাদন বিপনন ও ব্যবহার রোধকল্পে মৎস্য আইন বাস্তবায়ন করতে হবে। | উল্লাপাড়া উপজেলা মৎস্য কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | শতাধিক অবৈধ জাল আটক ও বিনষ্ট করা হয়েছে এবং অর্থদন্ড আদায় করা হয়েছে। ১০০ জন জেলের নতুন নিবন্ধনের মাধ্যমে কার্ড প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট কমিটির চূড়ান্ত অনুমোদনপূর্বক এ মাসেই জেলায় প্রেরণ করা হবে। | ১০০ জন জেলের তালিকা যথাযথভাবে যাচাই করতে হবে। | |
| ০৮ | **যুব ও ক্রীড়া বিষয়ক কমিটি :**<br><br>তিনি বলেন উপজেলা যুব উন্নয়ন দপ্তরের মাধ্যমে ১৫ আগষ্ট, জাতীয় শোক দিবস, ২০২২ উদ্‌যাপন উপলক্ষে ১২ জন প্রশিক্ষিত বেকার যুব/যুবমহিলার মাঝে তাদের গৃহিত প্রকল্পের বিপরীতে ৫৪০০০০/- টাকা যুবঋণ বিতরণ করা হবে। জাতীয় যুব কাউন্সিল গঠনের জন্য সদস্য ভর্তির বিজ্ঞপ্তি জারি হয়েছে। আগামী ২২-০৮-২০২২ তারিখের মধ্যে সংগঠনের সদস্যদেরকে উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া বরাবর আবেদন করতে বলা হয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরের প্রশিক্ষণের জন্য বরাদ্দ পাওয়া যায় নাই। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হবে। আগামী সেপ্টেম্বর, ২০২২ মাস হতে গবাদী পশু পালন বিষয়ে ০১মাস মেয়াদী প্রশিক্ষণ সিরাজগঞ্জ যুব উন্নয়ন কেন্দ্রে শুরু হবে। ইতোমধ্যে দরখাস্ত আহবান করা হয়েছে। | প্রশিক্ষণার্থী বাছাইয়ের ক্ষেত্রে উপজেলার প্রত্যন্ত অঞ্চলের আবেদনকারীদের অগ্রাধিকার প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। আশ্রয়ণ প্রকল্পে বসবাসকারীদের এরূপ প্রশিক্ষণের আওতায় আনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া |
| ০৯ | **পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি :**<br><br>**পল্লী উন্নয়ন বিভাগ :**<br><br>উপজেলা পল্লী উন্নয়ন দপ্তরের পিআরডিপি ৩ প্রকল্পের মাধ্যমে রাস্তা নির্মাণ কাজ করা হয়। এছাড়া ছয়টি প্রকল্পের মাধ্যমে ঋণ প্রদান করা হয়। গত মাসে ০৪টি সমিতির ৬৫জন সদস্যের মাঝে ১৮২১০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। আদায় হয়েছে ১৩২৪০০০/- টাকা। মুক্তিযোদ্ধা প্রকল্পে বিতরণকৃত ঋনের মধ্যে ৩৯০০০০/- টাকা খেলাপী রয়েছে। | খেলাপী ঋণ আদায়ে তৎপরতা বৃদ্ধি করতে হবে। পিআরডিপি ৩ প্রকল্পের আওতায় আশ্রয়ণ প্রকল্পের সংযোগ রাস্তাসমূহ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া |
| | **সমবায় বিভাগ :**<br><br>উল্লাপাড়া উপজেলাধীন ১০টি আশ্রয়ণ প্রকল্পের সার্ভিস চার্জের অংশ যথাযথভাবে প্রেরণের বিষয়ে আলোচনা করেন। আশ্রয়ণ প্রকল্পের ঋণ আদায় ও ঋণ বিতরণ বিষয়ে আলোচনা করা হয়। ০৪ টি আশ্রয়ণ প্রকল্পের সদস্যদের মোট ৩১ জনকে ঋণের চেক বিতরণ করা হয়েছে। | আদায়কৃত সার্ভিসচার্জ যথাযথভাবে প্রেরণ নিশ্চিত করতে হবে। চর কালিগঞ্জ আশ্রয়ণ প্রকল্পের বসবাসকারীদের নিয়ে সমিতি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১০ | **বাজার মূল্য পর্যবেক্ষন ও মনিটরিং বিষয়ক কমিটি ঃ**<br><br>উল্লাপাড়া উপজেলায় মোট ৩৪০৫.০০ মেঃ টন বোরো চাল/২২ সংগ্রহের লক্ষ্যমাত্রা পাওয়া গেছে তন্মোধ্যে ২০১০.৫৪০ মেঃ টন চাল সংগ্রহ করা হয়েছে। অবশিষ্ট ১৩৯৪.৪৬০ মেঃ টন চাল সংগ্রহ বাকী আছে এছাড়া অত্র উপজেলায় ৪০২৪ মে টন ধানের বরাদ্দ পাওয়া গেছে তন্মোধ্যে ১৯ মেঃ টন ধান সংগ্রহ করা হয়েছে। | প্রকৃত কৃষকদের নিকট থেকে ধান সংগ্রহ নিশ্চিত করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, উল্লাপাড়া |
| | জুন, ২০২২ মাসে ৭৭.৯৪০ মেঃ টন চাল বিলি বিতরণ করা হয়েছে ভিজিডি খাতে।<br><br>ভিজিএফ খাতে ২০২২-২০২৩ অর্থ বছরে ঈদুল আযহা উপলক্ষে ৩৩৭.৮৪০ মেঃ টন ভিজিএফ এর চাল বিতরণ করা হয়েছে<br><br>কাবিখা (সাধারণ ) খাতে জুন, ২০২২ মাসে ৭৯.১০২ মেঃ টন চাল বিতরণ করা হয়েছে<br><br>জিআর খাতে জুন, ২০২২ মাসে ৭ মেঃ টন চাল বিতরণ করা হয়েছে। | সরকারি এলএসডি থেকে ভিজিডি, ভিজিএফ, জিআর, কাবিখা এর চাল উত্তোলনের সময় সঠিক ওজন নিশ্চিত করতে হবে।<br>সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় সকল বিতরণে ট্যাগ অফিসারগণ উপস্থিত থেকে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করবেন। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, উল্লাপাড়া<br>সংশ্লিষ্ট ট্যাগ অফিসারগণ |

| | | | |
|---|---|---|---|
| | সাপেক্ষে ডিও প্রদান করা হবে। মা ও শিশু সহায়তা কর্মসূচির কোন নির্দেশনা পাওয়া যায়নি। | হবে। | (সকল) |
| ১৭ | **উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, উল্লাপাড়া**<br><br>তিনি বলেন আনসার ভিডিপি সংগঠন মূলত স্বেচ্ছাসেবী সংগঠন। গত ১০-০৮-২০২২ তারিখ ইউনিয়ন দলপতি/দলনেত্রী, আনসার কমান্ডার ও ওয়ার্ড দলনেতা, ওয়ার্ড দলনেত্রীদের সহযোগিতায় বিভিন্ন এলাকায় ৬০০টি বৃক্ষ রোপন করা হয়েছে। | জন্ম নিবন্ধন কার্যক্রমে আনসার সদস্যদের সার্বিক সহযোগিতা প্রদানের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৮ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উল্লাপাড়া**<br><br>টিআর এবং কাবিখা বরাদ্দ পাওয়া গেছে। অতিদরিদ্রের জন্য কর্মসংস্থান কর্মসূচির তালিকা তৈরির জন্য নির্দেশনা পাওয়া গেছে। চেয়ারম্যানগণ তালিকা প্রেরণ করবেন। সেগুলো জেলায় অনুমোদনের জন্য প্রেরণ করা হবে। | অতিদরিদ্রের জন্য কর্মসংস্থান কর্মসূচির তালিকা প্রদান নিশ্চিত করতে হবে। | ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া |
| ১৯ | **সহকারী প্রকৌশলী, বিএডিসি, উল্লাপাড়া**<br><br>২০২২-২০২৩ অর্থ বছরে জলাবদ্ধতা দুরীকরণে ৮০ কিলোমিটার খাল পুনঃখনন করা হবে। ৩০ টি গভীর নলকূপ সচল করণ, ৩০টি ব্রীজ নির্মাণ, কালভার্ট নির্মাণ, ১০ কিলোমিটার আরসিসি রাস্তা নির্মাণ, ১০ কিলোমিটার কার্পেটিং রাস্তা সংস্কার ১০টি ইউপিভিসি ড্রেন নির্মাণ করা হবে। দুটি মাঝারি আকারের ব্রীজের নির্মাণ কাজ চলমান আছে। | উপজেলা পরিষদের সাথে সমন্বয়পূর্বক প্রকল্প গ্রহণসহ অবকাঠামোগত উন্নয়নমূলক কাজ, ব্রীজ-কালভার্ট নির্মাণ, খাল খনন সহ অন্যান্য কাজ সম্পন্ন করতে হবে। | সহকারী প্রকৌশলী, বিএডিসি, উল্লাপাড়া |
| ২০ | **চেয়ারম্যান, মোহনপুর ইউপি, উল্লাপাড়া**<br><br>তিনি বলেন মোহনপুর রেল গেইট হতে বর্দ্ধনগাছা রাস্তাটি জরুরী মেরামত করা প্রয়োজন। ভাদালিয়াকান্দি রাস্তা মেরামত করা প্রয়োজন। | সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানের সাথে যোগাযোগ করে জরুরী উক্ত রাস্তা সরেজমিনে পরিদর্শন করে করণীয় নির্ধারণ পূর্বক উপজেলা পরিষদকে অবহিত করতে হবে। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ২১ | **চেয়ারম্যান, পুর্নিমাগাতী ইউপি**<br><br>হাট দেলুয়া থেকে গোয়ালজানি পর্যন্ত রাস্তাটি পুর্নিমাগাতী ইউনিয়নের একটি অতি জনগুরুত্বপূর্ণ রাস্তা। রাস্তাটি সম্পূর্ণ ভেঙ্গে গেছে। মেরামত করা প্রয়োজন । | সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানের সাথে যোগাযোগ করে জরুরী উক্ত রাস্তা সরেজমিনে পরিদর্শন করে করণীয় নির্ধারণ পূর্বক উপজেলা পরিষদকে অবহিত করতে হবে। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ২২ | **চেয়ারম্যান, বড়হর ইউপি**<br><br>তিনি বলেন তার ইউনিয়নের ভূতগাছা হতে বড়হর যাওয়ার রাস্তাটি ভেঙ্গে গেছে। রাস্তায় পানি জমে থাকে দ্রুত মেরামত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানের সাথে যোগাযোগ করে জরুরী উক্ত রাস্তা সরেজমিনে পরিদর্শন করে করণীয় নির্ধারণ পূর্বক উপজেলা পরিষদকে অবহিত করতে হবে। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ২৩ | **চেয়ারম্যান, উধুনিয়া ইউপি**<br><br>উধুনিয়া ইউনিয়নে একটি বাসস্ট্যান্ড নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কম্পিউটার, প্রিন্টার নষ্ট হয়ে গেছে মেরামত করা প্রয়োজন।<br><br>ইউনিয়ন পরিষদের মাসিক সভায় ইউনিয়ন স্বাস্থ্য কর্মীদের উপস্থিত থাকার জন্য বলা হলেও তারা মাসিক সভায় উপস্থিত থাকতে অনীহা প্রকাশ করেন।<br><br>তিনি বলেন তার ইউনিয়নের বর্ণিত প্যাকেজসমূহের (১৮৮৯৪৫২৪৬, ১৮৮৯৪৩০১৬, ১৮৮৯৪৫১৭৪, ১৮৮৯৪৫১৭২, ১৮৮৯৪৫০৫১) কাজ অনুমোদিত হলেও এখন কাজ শুরু হয়নি। অনুমোদিত প্যাকেজের | সংশ্লিষ্ট উদ্যোক্তা নিজস্ব অর্থায়নে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কম্পিউটার, প্রিন্টার মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>ইউনিয়ন পরিষদের মাসিক সভায় ইউনিয়ন স্বাস্থ্য কর্মীদের উপস্থিতি নিশ্চিত করতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। স্বাস্থ্য কর্মীরা মাসিক সভায় উপস্থিত না থাকলে বিষয়টি উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করতে হবে।<br><br>উক্ত প্যাকেজভুক্ত কাজগুলো কেন সম্পন্ন করা হয়নি তার বিস্তারিত তথ্য উপজেলা প্রকৌশলী আগামী মাসিক সভায় উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | উদ্যোক্তা (সকল), ইউডিসি, উল্লাপাড়া<br><br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উল্লাপাড়া<br><br>উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |

| | | | |
|---|---|---|---|
| | কাজগুলো শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | | |
| ২৪ | **চেয়ারম্যান, রামকৃষ্ণপুর ইউপি**<br><br>ফেয়ার প্রাইজের কার্ডের বিষয়ে খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ের কর্মচারীদের অসহযোগিতামূলক আচরণের বিষয়ে ক্ষোভ প্রকাশ করেন। | ফেয়ার প্রাইজের কার্ডে তালিকাভুক্তির বিষয়ে অনেকেই উপজেলা নির্বাহী অফিসারের অফিসে উপস্থিত হয়ে অভিযোগসহ অসন্তুষ্টি প্রকাশ করেছে। এক্ষেত্রে ইউপি চেয়ারম্যানকে এ কাজটি অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে পরিচালনা করতে হবে।<br><br>জন্ম নিবন্ধন সম্পাদনের জন্য ইউপি চেয়ারম্যান ও ইউপি সচিব পাসওয়ার্ড সংরক্ষণসহ দায়িত্বশীল ভূমিকা পালন করবেন কিন্তু বিভিন্ন মারফত জানা যাচ্ছে ইউপি সচিবকে উপেক্ষা করে উদ্যোক্তা অথবা বহিরাগত লোক দিয়ে জন্ম নিবন্ধন সংক্রান্ত কাজ করানো হচ্ছে। এ বিষয়ে ইউপি চেয়ারম্যানকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ আরও স্বচ্ছতা ও জবাবদিহিতা সাথে জন্ম নিবন্ধন সংক্রান্ত কাজ পরিচালনা করতে হবে। | চেয়ারম্যান, রামকৃষ্ণপুর ইউপি |
| | তিনি বলেন তার বাড়ীতে যাওয়ার রাস্তাটি সহ আরও কয়েকটি প্যাকেজ অনুমোদন হলেও অদ্যাবধি কাজ শুরু করা হয়নি। | উক্ত প্যাকেজভুক্ত কাজগুলো কেন সম্পন্ন করা হয়নি তার বিস্তারিত তথ্য উপজেলা প্রকৌশলী আগামী মাসিক সভায় উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ২৫ | **চেয়ারম্যান, পঞ্চক্রোশী ইউপি, উল্লাপাড়া**<br>তিনি পঞ্চক্রোশী ইউনিয়ন কমপ্লেক্স ভবনের জন্য ইউনিয়নের মধ্যবর্তী একটি জায়গায় স্থান নির্বাচন করে দ্রুত ভবন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। ইউনিয়নের শাহজাহানপুর হতে মনিরপুর পর্যন্ত রাস্তাটি অতিগুরুত্বপূর্ণ একটি রাস্তাটি। রাস্তাটি সম্প্রসারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। সলপ রেল স্টেশনের পার্শ্বে সরকারি জায়গা দখল করে দোকানঘর নির্মাণ করা হয়েছে। উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সরেজমিনে তদন্ত পূর্বক পঞ্চক্রোশী ইউনিয়নের মধ্যবর্তী একটি স্থান নির্বাচন পূর্বক ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার উল্লাপাড়া |
| ২৬ | **চেয়ারম্যান, দূর্গানগর ইউপি, উল্লাপাড়া**<br><br>তিনি বলেন তার ইউনিয়নে নদী খননকৃত মাটি নিয়ে বিরোধের সৃষ্টি হচ্ছে। সংশ্লিষ্ট ঠিকাদারের পক্ষে কিছু লোক মাটি বিক্রি করতে চাইছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | নদী খননকৃত মাটির পরিমাপ, মূল্য নির্ধারণ ও নিলামে বিক্রির প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উল্লাপাড়াকে আহবায়ক করে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, দূর্গানগর ও ইউপি সচিব, দূর্গানগর কে নিয়ে তিন সদস্য বিশিষ্ট কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হলো। | পিআইও, উল্লাপাড়া ইউএলও, দূর্গানগর ইউপি সচিব, দূর্গানগর |
| ২৭ | **চেয়ারম্যান, উল্লাপাড়া সদর ইউপি**<br><br>তিনি বলেন উল্লাপাড়া সদর ইউনিয়ন পরিষদের কোন নিজস্ব ভবন নাই। ইউপি ভবন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। এছাড়া তিনি উপজেলা পরিষদ চত্বরে ইউপি চেয়ারম্যানগণের বসার জন্য একটি কক্ষ বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া মহোদয়কে অনুরোধ জানান। | ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণের জন্য উপযুক্ত জায়গা নির্ধারণ করে বন্দোবস্ত/অধিগ্রহণের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান, উল্লাপাড়া সদর ইউপি উল্লাপাড়া |
| ২৮ | **মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া**<br>উপজেলা সেবা নিতে আসা ব্যক্তিদের সুবিধার্থে একটি ওয়াশ ব্লক নির্মাণের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। | উপযুক্ত জায়গা নির্ধারণ করে ওয়াশ ব্লক নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী |
| | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের বরাদ্দ বিষয়ে উপজেলা পরিষদের সাথে সমন্বয় করা হচ্ছে না মর্মে অসন্তোষ প্রকাশ করেন। | স্থায়ী কমিটির সভায় নিয়মিত আয়োজন করতে | সংশ্লিষ্ট বিভাগীয় |

| | | | |
|---|---|---|---|
| | স্থায়ী কমিটির সভাগুলো নিয়মিত আয়োজন নিশ্চিত করতে কমিটির সদস্য সচিব সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাগণকে অনুরোধ জানান। | হবে। স্থায়ী কমিটিতে গৃহীত সিদ্ধান্তের ভিত্তিতে বিভাগীয় কর্মকর্তাগণ তাদের কার্যপত্র উপজেলা পরিষদে প্রেরণ নিশ্চিত করবেন। | কর্মকর্তাগণ, উল্লাপাড়া |
| ২৯ | **ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া**<br>তিনি জানান ২০১৯-২০২০ অর্থ বছরে উপজেলার দূর্গম ইউনিয়নে ত্রাণ সরবরাহ নিশ্চিত করতে ২৫০০০০/- টাকা ব্যয়ে একটি ইঞ্জিন চালিত নৌকা নির্মাণ করা হয় এবং ইউপি চেয়ারম্যানগণের পারস্পারিক যোগাযোগের সুবিধার্থে ওয়াকি টকি সরবরাহ করা হয় শর্তছিল ইউপি চেয়ারম্যানগণের মেয়াদ শেষ হলে তারা উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসে ওয়াকি টকিগুলো জমা প্রদান করবেন। ইঞ্জিন চালিত নৌকা এবং ওয়াকি টকিগুলো বর্তমানে কার হেফাজতে আছে সে বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। | ইউপি চেয়ারম্যানগণের ব্যবহৃত ওয়াকি টকিগুলো বর্তমানে কার হেফাজতে আছে সে সংক্রান্ত তথ্য আগামী সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| | উপজেলা পরিষদের নতুন ভবন নির্মাণের বিষয়ে নির্ধারিত স্থানে (পুকুরে) বালি ভরাটের জন্য উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজলো পরিষদ, উল্লাপাড়াকে আহবায়ক করে তিন সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছিল। কিন্তু উক্ত কমিটির কোন কার্যকারিতা নাই মর্মে জানান। | উপজেলা পরিষদের নতুন ভবন নির্মাণের বিষয়ে নির্ধারিত স্থানে (পুকুরে) বালি ভরাটের কার্যক্রম সম্পন্ন না হওয়া হতাশাজনক উপজেলা পরিষদের সিদ্ধান্ত বাস্তবায়ন করা প্রতিটি হস্তান্তরিত বিভাগের প্রধানগণের দায়িত্ব ও কর্তব্য | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া<br>প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| | উপজেলা মাসিক সভায় উপজেলার সকল বিভাগীয় কর্মকর্তাগণকে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। বিশেষ করে উপজেলা স্বাস্থ্য কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে অনুরোধ জানানো হয়। | উপজেলা মাসিক সভায় উপজেলার সকল বিভাগীয় কর্মকর্তাগণকে নিয়মিত উপস্থিত নিশ্চিত করতে হবে। অন্যথায় উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় কর্মকর্তাগণ, উল্লাপাড়া |
| ৩০ | **উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া ঃ**<br>উপজেলার সকল দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে তাদের স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ রাখার জন্য পুনরায় অনুরোধ জানান। | বিভাগীয় কর্মকর্তাগণ তাদের স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করণ নিশ্চিত করবেন। | বিভাগীয় কর্মকর্তা (সকল), উল্লাপাড়া |
| | ২। জন্ম নিবন্ধন/জন্ম নিবন্ধন ভুল সংশোধন সংক্রান্ত কাজে ব্যবহৃত পাসওয়ার্ড অতি গোপনীয় এবং গুরুত্বপূর্ণ একটি বিষয়। ইউনিয়ন পর্যায়ে ইউপি চেয়ারম্যান ও ইউপি সচিবের নিকট বিশেষ গুরুত্ব সহকারে এই পাসওয়ার্ড সংরক্ষিত রাখার বিধান রাখা হয়েছে। কিন্তু সম্প্রতি ইউনিয়ন পরিষদ পরিদর্শনকালে দেখা যাচ্ছে বহিরাগত ব্যক্তি যারা ইউনিয়ন পরিষদের বিধিগত কোন কর্মচারী নয় এমনকি চুক্তিবদ্ধ উদ্যোক্তাও নয় তারা জন্ম নিবন্ধন সংক্রান্ত পাসওয়ার্ড ব্যবহার করে জন্ম নিবন্ধন/জন্ম নিবন্ধন ভুল সংশোধন সংক্রান্ত কাজ করছে। বিষয়টি গুরুতর অসদাচারণের সামিল এবং দন্ডনীয় অপরাধ। এ বিষয়ে অভিযুক্তদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | জন্মনিবন্ধন সংক্রান্ত পাসওয়ার্ড কোন অবস্থাতেই যাতে ইউপি চেয়ারম্যান ও ইউপি সচিব ব্যতীত অন্যকেউ ব্যবহার করতে না পারে সে বিষয়ে সর্বোচ্চ গুরুত্বারোপ করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হলো। | ইউপি চেয়ারম্যান (সকল)<br>ইউপি সচিব (সকল) |
| | ৩। ৫-১১ বছরের শিক্ষার্থীদের করোনা ভ্যাকসিন প্রদানের জন্য রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে প্রতিটি শিক্ষার্থীর জন্ম নিবন্ধন নিশ্চিত করতে হবে। শিক্ষার্থীদের জন্ম নিবন্ধন শতভাগ নিশ্চিত করতে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের আইটি বিষয়ে অভিজ্ঞ শিক্ষকদের সহযোগিতা নিয়ে জন্ম নিবন্ধন আবেদন করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | শিক্ষার্থীদের শতভাগ জন্ম নিবন্ধন দ্রুত সম্পন্ন করতে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের আইটি বিষয়ে অভিজ্ঞ শিক্ষকদের সহযোগিতা নিয়ে জন্ম নিবন্ধন আবেদন সম্পন্ন করতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | উপজেলা মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া |

ইউনিয়ন ভিত্তিক অনিষ্পন্ন আবেদনের তথ্যচিত্র:

| ইউনিয়নের নাম | অনিষ্পন্ন নিবন্ধন | অনিষ্পন্ন সংশোধন | ইউনিয়নের নাম | অনিষ্পন্ন নিবন্ধন | অনিষ্পন্ন সংশোধন |
|---|---|---|---|---|---|
| রামকৃষ্ণপুর | ৭৭৬ | ৪০৭ | সলঙ্গা | ৬৬৭ | ৪৪৬ |
| বাঙ্গালা | ৯৭৪ | ২১৬৬ | হাটিকুমরুল | ২০০৭ | ৩২১ |
| উধুনিয়া | ২৩৯ | ৪২৪ | বড়হর | ৬৮০ | ৪৫৮ |
| বড়পাঙ্গাসী | ৩১৬ | ৮৯২ | উল্লাপাড়া সদর | ৫৯ | ৫৫২ |
| মোহনপুর | ২৫৭ | ১২৩ | পঞ্চক্রোশী | ৬৩৩ | ৯৫৯ |
| দূর্গানগর | ২৬৮ | ৩০০ | সলপ | ৯২১ | ৪৮২ |
| পুর্নিমাগাতী | ২৩১ | ২০২ | কয়ড়া | ২৪৭ | ৮০ |

| | | | |
|---|---|---|---|
| ৮ | ৪। উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া এর সাথে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বারংবার যোগাযোগ করা সত্বেও উপজেলা পরিষদের মাসিক সভায় গৃহীত কিছু সিদ্ধান্ত বাস্তবায়নে তৎপরতা পরিলক্ষিত হয়নি। | স্থানীয় সরকার বিভাগের উপজেলা ২ শাখার ১৭-০৬-২০১০ তারিখের স্থাসবি/উপ-২/সি-৪/২০০৯/১৪২২ নম্বর প্রজ্ঞাপন অনুযায়ী উপজেলা পরিষদের হস্তান্তরিত বিভাগের প্রধানগণকে উপজেলা পরিষদের মাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নে সচেষ্ট থাকতে হবে | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, উল্লাপাড়া |
| ৩১ | **চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া**<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া মহোদয় জানান মাসিক সভায় স্ব স্ব ইউনিয়নের সমস্যা সম্ভবনা নিয়ে আলোচনা করতে হবে। সভায় অপ্রয়োজনীয় বিষয়ে নিয়ে আলোচনা করা পরিহার করার অনুরোধ জানান। | | |
| | গত ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ এবং অফিস সহকারীদের অফিস কক্ষের জন্য আইপিএস ক্রয় এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের জন্য ফটোকপি মেশিন ক্রয়ের জন্য প্রকল্প গ্রহণ করা হয়েছিল। উপজেলা নির্বাহী অফিসার এর সাথে আলোচনাক্রমে জানা যায় উপজেলা প্রকৌশলী উল্লাপাড়া কর্তৃক নথি উপস্থাপন না করায় প্রকল্প বাস্তবায়ন করা সম্ভব হয়নি। সম্প্রতি সরকারি সিদ্ধান্তের ভিত্তিতে অফিসসমূহে বিদ্যুৎ সাশ্রয়ের কারণে দাপ্তরিক কাজে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। উর্ধ্বতন কর্তৃপক্ষের কার্যালয়ের সাথে গুরুত্বপূর্ণ তথ্য আদান প্রদানে সমস্যার সৃষ্টি হচ্ছে। ফলে জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদ থেকে কোটেশন বিজ্ঞপ্তির মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ এবং অফিস সহকারীদের অফিস কক্ষে আইপিএস ক্রয়ের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>এছাড়া উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ব্যবহৃত ফটোকপি মেশিনটি দীর্ঘদিনের পুরানো যা একাধিকবার মেরামত করে সচল রাখা হয়েছে। সম্প্রতি একজন দক্ষ টেকনিশিয়ান ফটোকপি মেশিনটি একেবারে অচল হয়ে গেছে মর্মে জানিয়েছেন বিধায় জরুরী ভিত্তিতে একটি ফটোকপি মেশিন ক্রয় করা প্রয়োজন। উপজেলা পরিষদ থেকে কোটেশন বিজ্ঞপ্তির মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের জন্য একটি ফটোকপি মেশিন ক্রয়ের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনা ক্রমে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় থেকে কোটেশন বিজ্ঞপ্তির মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ এবং অফিস সহকারীদের অফিস কক্ষের জন্য আইপিএস ক্রয় এবং ফটোকপি মেশিন ক্রয়ের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া |
| | উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ এ কর্মরত সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কাম্পিউটার অপারেটর পংকজ কুমার সরকার ও জনাব মোঃ রিপন আলী, গাড়ী চালক গত ০১/০৮/২০২২খ্রি. তারিখে উচ্চতর গ্রেড প্রাপ্তির জন্য আবেদন করেছেন। আবেদনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>বর্ণিত কর্মচারীদের ০১/০৮/২০২২খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে যাবতীয় রেকর্ডপত্র ও সংশ্লিষ্ট কর্মচারীর চাকরি বহি পরীক্ষান্তে দেখা যায় তারা গত ১২/০৮/২০১২খ্রি. তারিখে যোগদান করেছেন। তাদের ১২/০৮/২০২২ খ্রি. তারিখে চাকরিকাল ১০(দশ) বছর পূর্ণ হওয়ায় অর্থ মন্ত্রণালয়ের ১৫ ডিসেম্বর এস.আর.ও নম্বর-৩৬৯ আইন/২০১৫ প্রজ্ঞাপন মূলে জারীকৃত বেতন স্কেল ২০১৫ এর ৭(১) অনুচ্ছেদ অনুযায়ী তারা উচ্চতর গ্রেড প্রাপ্য হয়েছেন। | জাতীয় বেতন স্কেল ২০১৫ এর অনুচ্ছেদ ৭(১) অনুযায়ী উল্লাপাড়া উপজেলার পরিষদের সাঁট মুদ্রাক্ষরিক ও জীপ চালকের প্রথম উচ্চ গ্রেড প্রাপ্তি অদ্যাকার সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(বীর মুক্তিযোদ্ধা মোঃ শফিকুল ইসলাম)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
উল্লাপাড়া, সিরাজগঞ্জ

নম্বর ০৫.৪৩.৮৮৯৪.০০৫.০৬.০০২.১৬-৮৯৮ তারিখ : ১১-০৮-২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৫ সিরাজগঞ্জ ৪, উল্লাপাড়া।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৬। মেয়র, উল্লাপাড়া পৌরসভা।
৭। উপজেলা ---------------------------------------------------------------কর্মকর্তা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৮। চেয়ারম্যান, ------------------------------------------------------------------------------- উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৯। অফিস কপি।

( মোঃ উজ্জল হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।